

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭.৪৭৯

তারিখঃ ২৪ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : পৌরসভা নির্বাচন উপলক্ষে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের নিমিত্ত মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র : নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০১.১৮-৪৩, তারিখঃ ২৪/০৬/২০১৮ খ্রিঃ, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার ও গোপালদী পৌরসভার এবং কক্সবাজার জেলার কক্সবাজার পৌরসভার মেয়র, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড কাউন্সিলর পদের আগামী ২৫ জুলাই ২০১৮ খ্রিঃ তারিখের সাধারণ নির্বাচন উপলক্ষে উল্লিখিত ০৩ টি পৌরসভার নির্বাচনি এলাকায় স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬ এ বর্ণিত ক্ষমতাবলে বিধি ৭২, ৭৪, ৭৫, ৭৬, বিধি ৭৭ এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর অধীন সংক্ষিপ্ত বিচারার্থে আমলে নেওয়ার জন্য ভোট গ্রহণের পূর্বের দিন, ভোট গ্রহণের দিন ও ভোট গ্রহণের পরের দুইদিন অর্থাৎ ২৪/০৭/২০১৮ খ্রিঃ থেকে ২৭/০৭/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) দিনের জন্য ম্যাজিস্ট্রেট নিয়োগের নিমিত্ত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত ০৩ (তিন) জন কর্মকর্তাকে নিম্নরূপে মনোনয়ন প্রদান করা হলো :

| ক্রঃ নং | জেলা | পৌরসভা | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---------|-------------|------------|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | নারায়ণগঞ্জ | আড়াইহাজার | জনাব আশেক ইমাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ |
| | | গোপালদী | জনাব মোঃ মাহমুদুল মোহসীন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ |
| ২. | কক্সবাজার | কক্সবাজার | জনাব মোহাঃ হেলাল উদ্দিন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কক্সবাজার |


(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

সচিব

নির্বাচন কমিশন

বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

[দৃঃ আঃ উপসচিব (আইন)]

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। রেজিস্টার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ/কক্সবাজার।
- ৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৭। জনাব
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং-৫০৩, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ/কক্সবাজার।
- ১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। গার্ড ফাইল।
- ১৩। অফিস কপি।